



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ০৫/১২/২০১৬

বিশ্ব মৃত্তিকা দিবসে বরিশাল বিশ্ববিদ্যালয়ে র্যালি ও সেমিনার অনুষ্ঠিত

“সুস্থ জীবনের জন্য মৃত্তিকা ও ডাল জাতীয় ফসল অপরিহার্য” এ প্রতিপাদ্যকে সামনে রেখে ৫ ডিসেম্বর ২০১৬ বিশ্ব মৃত্তিকা দিবস উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের আয়োজনে অনুষ্ঠিত হয়েছে র্যালি ও সেমিনার। সকাল ৯ টায় ববির মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যানের নেতৃত্বে র্যালিতে অংশগ্রহণ করেন মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইন্সটিটিউটের (এসআরডিআই) পরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউট (বিআরআরআই) বরিশালের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ মৃত্তিকা বিজ্ঞান সমিতির সাধারণ সম্পাদক ও সাবেক মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (এসআরডিআই), বিভাগীয় শিক্ষক, ছাত্র উপদেষ্টাসহ শিক্ষার্থীরা। বর্ণাঢ্য এ র্যালিটি ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষীণ শেষে প্রশাসনিক ভবনের সামনে এসে শেষ হয়। দিনব্যাপি আয়োজিত এ অনুষ্ঠানের ২য় পর্বে বিকাল ৩ টায় বিশ্ববিদ্যালয়ের কীর্তগখোলা অডিটোরিয়ামে দিবসটির তাৎপর্য তুলে ধরতে সেমিনারের আয়োজন করা হয়। ববির মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. মো. হাসিনুর রহমানের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ মৃত্তিকা বিজ্ঞান সমিতির সভাপতি বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, পরিবেশের সাথে মাটি ওতপ্রোত ভাবে জড়িত। মা থেকেই মাটি শব্দটি এসেছে। মা যেমন সবকিছু ধারণ করে ঠিক তেমনি মাটিও সব কিছুকে ধারণ করে। কিন্তু আমরা এ মাটিকে যথেষ্টাচার ব্যবহার করে তার উর্বরতা শক্তি অনেকটাই ক্ষয়িষ্ণু করে ফেলেছি। আর এ জন্য দরকার সঠিক ভূমি ব্যবস্থাপনা নীতিমালা। এর মাধ্যমে ভূমির যথেষ্টাচার ব্যবহার বন্ধ হবে এবং যেখানে সেখানে ইটভাটা তৈরিও বন্ধ হবে। তিনি বলেন মাকে যেমন আমরা ভালোবাসি মাটিকেও তেমনি ভালোবাসতে হবে। মাটিকে ভালোবাসলে জীবন থাকবে, মাটিকে অবজ্ঞা করলে আমাদের অস্তিত্ব থাকবেনা। উপাচার্য মহোদয় আরও বলেন ৫ ডিসেম্বরকে বিশ্ব মৃত্তিকা দিবস হিসেবে জাতিসংঘ কর্তৃক স্বীকৃতি আদায়ের ক্ষেত্রে অর্থনীতি ভূমিকা পালন করেছিলেন থাইল্যান্ডের সদ্যপ্রয়াত রাজা ভূমিবল। সেমিনারে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ মৃত্তিকা বিজ্ঞান সমিতির সাধারণ সম্পাদক এবং এসআরডিআই এর সাবেক মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা জালাল উদ্দীন মো. শোয়েব। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউট বরিশালের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আলমগীর হোসেন। সেমিনারে ববির মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের শিক্ষক মন্ডলী, শিক্ষার্থীসহ অন্যান্য বিভাগের শিক্ষকরা উপস্থিত ছিলেন। সেমিনারে আরও উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য মহোদয়ের সহধর্মিণী মন্টি ইমাম হক।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
জনসংযোগ কর্মকর্তা
বরিশাল বিশ্ববিদ্যালয়

(b.university.pro@gmail.com)